

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর : ১/কনি-২য় খন্ড/০১(৯৫০)

তারিখ : ২৭/১১/২০১৬

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড গ্রহণ ও জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০১৫ - ২০১৬ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমতিপ্রাপ্ত সকল কলেজের অধ্যক্ষ বা তাঁর প্রতিনিধি (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর সত্যায়িত করে প্রেরিত প্রত্যয়নকৃত ব্যক্তি)-এর মাধ্যমে গ্রহণ ও জমা দেওয়ার জন্য অনুরোধ করা হ'ল।

## নিবন্ধন কার্ড গ্রহণ ও জমাদানের তারিখ নিম্নরূপ

ক্রমিক	জেলার নাম	নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	সংশোধনের জন্য আবেদনের তারিখ	সংশোধিত নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ	বই আকারে বাধাই যুক্ত নিবন্ধন কার্ড জমা দেয়ার তারিখ	সিলসহ নিবন্ধন কার্ড গ্রহণের তারিখ
১	সিরাজগঞ্জ পাবনা ও জয়পুরহাট	৬/১২/২০১৬	১৩/১২/২০১৬	১০/০১/২০১৭	১৫/০১/২০১৭	৫/০৩/২০১৭
২	বগুড়া নাটোর ও নওগাঁ	৭/১২/২০১৬	১৪/১২/২০১৬	১১/০১/২০১৭	১৬/০১/২০১৭	৬/০৩/২০১৭
৩	রাজশাহী ও চাপাই নবাবগঞ্জ	৮/১২/২০১৬	১৫/১২/২০১৬	১২/০১/২০১৭	১৭/০১/২০১৭	৭/০৩/২০১৭

মুদ্রণকৃত নিবন্ধন কার্ড বোর্ড থেকে গ্রহণ ও জমা দেয়ার পূর্বে নিম্ন বর্ণিত নির্দেশাবলী অবশ্যই যথাযথ ভাবে পালন করতে হবে

- ১। গ্রহণকৃত সমস্ত নিবন্ধন কার্ড নিবন্ধন নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মুড়ির অংশটুকু হার্ডবোর্ড ও কাপড় দিয়ে বই আকারে বেঁধে একসঙ্গে জমা দিতে হবে। ১০০ (একশত) এর বেশী কার্ড বই আকারে বাঁধা যাবে না। কোন ক্রমেই নিবন্ধন কার্ড কলেজে রাখা যাবে না।
- ২। যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে অন্য বোর্ডের ছাড়পত্রের মাধ্যমে অত্র বোর্ডের আওতাধীন কলেজে ভর্তি হয়েছে, তাদের পূর্ববর্তী বোর্ডের মূল নিবন্ধন কার্ড ও ছাড়পত্রের আদেশের ফটোকপি ফরওয়ার্ডিংসহ জমা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ করা যাবে।
- ৩। মুদ্রণকৃত নিবন্ধন কার্ড গ্রহণের সময় কলেজের নাম, ডাক, উপজেলা, জেলা ই. আই. এন. এন নম্বর এবং প্রয়োজনীয় মোবাইল / টেলিফোন নম্বর কলেজ কোড যুক্ত নির্ধারিত প্যাডে কলেজ অধ্যক্ষের ফরওয়ার্ডিংসহ আবেদন দাখিল করতে হবে।
- ৪। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন কার্ড গ্রহণ ও জমা প্রদানে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ১০০/- টাকা হারে জরিমানা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ ও জমা করা যাবে।
- ৫। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর, পিতার, মাতার নামের আক্ষরিক ও বিষয় কোড ভুল হলে নিবন্ধন কার্ড ফটোকপি করে ফটোকপিতে লাল কালি দিয়ে ভুল অংশ কেটে সঠিক তথ্য লিখে ২ সেট আবেদন টটলিষ্টের ফটোকপিসহ নির্ধারিত তারিখের মধ্যে কলেজ নিবন্ধন শাখায় শিক্ষার্থী প্রতি ১৫০/- টাকা হারে ফি জমা দিয়ে নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে। পরীক্ষা চলাকালিন সংশোধন ফি (নিবন্ধন কার্ড ৫০০/- ও প্রবেশপত্র ৫০০/-) = ১,০০০/- টাকা জমা দিয়ে শুধুমাত্র বিষয় কোড সংশোধন করা যাবে। (সচিব অনুকূলে অত্র বোর্ডে অবস্থিত সোনালী ব্যাংক কালেকশন বুথে নগদ অর্থ জমা দিতে হবে)।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
টেলিফোন-০৭২১-৭৭৫৯৬৩

স্মারক নম্বর : ১/কনি-২য় খন্ড/০১(৯৫০)

তারিখ : ২৭/১১/২০১৬

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হ'লঃ

- ১। পি.এস টু চেয়ারম্যান / সচিব / পরীক্ষা নিয়ন্ত্রক/ উপ-পরিচালক(হিঃ ও নিঃ)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ:দা:)/প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:)/ অফিস কপি।

Zahid-01

উপ-কলেজ পরিদর্শক (চ:দা:)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
টেলিফোন-০৭২১-৭৭৫৯৬৩